

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ অক্টোবর ২০২১খ্রি.

**বিশ্ব শিক্ষক দিবসের আলোচনা সভায় মেয়র
শিক্ষকদের জ্ঞানের বিচক্ষুরিত
আলোকরশ্মি থেকে জন্ম নেয় আগামীর ভবিষ্যৎ**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সমাজে আদর্শ মানুষের প্রতিকৃতি হচ্ছেন শিক্ষক। শিক্ষাকে বলা হয় জাতির মেরুদণ্ড আর শিক্ষককে বলা হয় শিক্ষার মেরুদণ্ড। শিক্ষকদের জ্ঞানের বিচক্ষুরিত আলোকরশ্মি থেকে জন্ম নেয় আগামীর ভবিষ্যৎ। এই শিক্ষকরাই জাতির সংকট উত্তোরণে সর্বাগ্রে ভূমিকা পালন করতে পারেন। তিনি আজ মঙ্গলবার দুপুরে কর্পোরেশনের টাইগারপাসস্ অস্থায়ী কার্যালয়ের সম্মেলন কক্ষে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। এবারের দিবসের প্রতিপাদ্য বিষয় হলো 'শিক্ষা পুনঃরুদ্ধারে কেন্দ্র বিন্দুতে শিক্ষকরা'।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম। বিশেষ অতিথি ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, সচিব খালেদ মাহমুদ। শিক্ষক কঙ্কন দাশের সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, কৃষ্ণ কুমারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আকতার হোসাইন, প্রধান শিক্ষক আবুল কাশেম, চসিক কলেজ শিক্ষক সমিতির সভাপতি জিন্নাত পারভীন মাহী, শেখ ওমর ফারুক, আমিনুল হক খান, কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রণব কুমার দাশ প্রমুখ।

মেয়র আরো বলেন, আদিমকাল থেকে মানুষ শিক্ষা পাচ্ছে। আবার প্রকৃতি থেকেও মানুষ শিক্ষা গ্রহণ করছে। তবে সমাজ সভ্যতার ক্রমবিকাশের কারণে মানুষ প্রাতিষ্ঠানিকভাবে শিক্ষাগ্রহণ করছে। আর প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণের মাধ্যমেই সভ্য, আধুনিক, বিবেকবান ও মানবিক মানুষরূপে নিজেদের গড়ে তুলছে। এর পেছনে মুখ্য ভূমিকা পালন করছে শিক্ষক সমাজ। তাই সমাজে শিক্ষার্থীদের প্রকৃত অভিভাবক হলেন শিক্ষক। তবে ব্যতিক্রমী কিছু চিত্রও দেখা যায়, যারা শিক্ষাকে পণ্য হিসেবে ব্যবহার করছে। এই কারণে এবারের বিশ্ব শিক্ষক দিবসের প্রতিপাদ্য বিষয়টি আজকের সময়ের পরিপ্রেক্ষিতে গুরুত্বের দাবি রাখে।

**মুক্তিযোদ্ধা মহানগর কমান্ড ইউনিটের সৌজন্য সাক্ষাতে মেয়র
মুক্তিযোদ্ধা ফাউন্ডেশন গঠন প্রক্রিয়া শুরু**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ১৯৭১ সালে যারা জীবন বাজি রেখে দেশমাতৃকার জন্য যুদ্ধ করেছেন তারা ৭৫'র বিয়োগান্ত ঘটনার পর নানাভাবে হয়রানির শিকার হয়েছেন। বঙ্গবন্ধু তনয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পাওয়ার পর মুক্তিযোদ্ধারা আত্মিক ভিত্তিতে অনেক সুযোগ সুবিধা পাচ্ছেন। তবুও মুক্তিযোদ্ধারা চিকিৎসাসহ অনেক অসুবিধার ব্যাপারে সরকার বা মন্ত্রণালয়ের সম্মুখীন হতে পারেন না। এই বিষয়টি বিবেচনায় নিয়ে মুক্তিযোদ্ধা ফাউন্ডেশন গঠনের অভিপ্রায় দীর্ঘদিন থেকে পোষণ করে আসছিলাম। আশাকরি এ ফাউন্ডেশন গঠিত হলে চট্টগ্রামে মুক্তিযোদ্ধাদের জন্য সেবা প্রদানের একটি নতুন দিক উন্মোচিত হবে।

আজ মঙ্গলবার সকালে টাইগারপাসস্ কর্পোরেশনের অস্থায়ী কার্যালয়ে মেয়রের সাথে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ মহানগর ইউনিট কমান্ডার মোজাফফর আহম্মদের নেতৃত্বে একটি প্রতিনিধি দল সাক্ষাত করতে এলে তিনি এ কথা বলেন। সাক্ষাতকালে নেতৃত্ব মেয়রকে মুক্তিযোদ্ধা ফাউন্ডেশনের গঠনতন্ত্রের খসড়া হস্তান্তর করেন। এসময় সহকারী কমান্ডার সাধন চন্দ্র বিশ্বাস, ডবলমুরিং থানা কমান্ডার দোস্ত মোহাম্মদ উপস্থিত ছিলেন।

**ফতেয়াবাদ সিটি কর্পোরেশন ডিগ্রি
কলেজের পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত**

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ফতেয়াবাদ সিটি কর্পোরেশন ডিগ্রি কলেজের পরিচালনা পর্ষদ ও গভর্নিং বডি সভা আজ মঙ্গলবার সকালে টাইগারপাসস্ কর্পোরেশনের অস্থায়ী কার্যালয়ে মেয়র এর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। এছাড়া আলোচ্যসূচি অনুযায়ী কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, পরিচালনা কমিটির সদস্য সৈয়দ মঞ্জুর আলম, কাজী মো. আবুল মনছুর, জিয়া আমানত মোর্শেদ, মো. মুছা চৌধুরী, মো. রফিক, মো. ফারুক, এড. ফরিদুল আলম, শিক্ষক প্রতিনিধি শহীদুল্লাহ, কলি দাশ, মো. ইদ্রিস প্রমুখ উপস্থিত ছিলেন।

**চসিকের ভ্রাম্যমাণ আদালত
ইংরেজীতে সাইন বোর্ড লিখার দায়ে
তিনটি প্রতিষ্ঠানকে ১২ হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীর লালখান বাজার এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে ইংরেজীতে সাইনবোর্ড লিখার দায়ে মামলা রুজু পূর্বক লালখান বাজারস্থ বিউ টেন এণ্ড রিভাইসকে ২ হাজার, কমপ্লিট কিচেনকে ৫ হাজার ও তিলোত্তমাকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩